

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২১২(আগরতলা, ১৮।০২)
কৈলাসহর, ১৮ ফেব্রুয়ারি, ২০১৯

কৈলাসহরে শহেরী সমৃদ্ধি উৎসব অনুষ্ঠিত

সম্প্রতি কৈলাসহর পুর পরিষদের উদ্যোগে শহেরী সমৃদ্ধি উৎসব অনুষ্ঠিত হয়। পদযাত্রার মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। পুর এলাকার ৪৪ টি স্ব-সহায়ক দলের পাঁচ শতাধিক মহিলা পদযাত্রায় অংশগ্রহণ করে। পদযাত্রা শহরের মূল সড়ক পরিভ্রমণ করে উনকোটি কলাক্ষেত্রে এসে শেষ হয়। সেখানে মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশা দে। উপস্থিত ছিলেন পুর পরিষদের সদস্য বিধুভূষণ দাস সহ বিভিন্ন ব্যক্তির আধিকারিকগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ। অনুষ্ঠানে ব্যাঙ্ক ঋণের চেক, গ্যাস-সংযোগ সহ প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা योजना, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি योजना ইত্যাদি বিভিন্ন প্রকল্পে সহায়তা দেওয়া হয়।
